সংগ্রাম

141

দৈনিক খবর

তারিখ 22 NOV 1992
পৃষ্ঠা ৭ কলাম ২

# কাজীপুরে ছাত্র সংঘর্ষ ।। ৬০ জন আহত ঃ আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক ছুরিকাহত

সিরাজগঞ্জ, ২১শে নভেম্বর (এম এ মান্নান প্রেরিত)।–ছাত্র সংসদের নির্বাচনী প্রচারণাকে কেন্দ্র করে আজ কাজীপুর মনসুর আলী কলেজে দু'টি বিবদমান ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষে উভয় পক্ষের ৬০ জন ছাত্র আহত হয়েছে। এদের মধ্যে ৩ জন ছাত্রের অবস্থা গুরুতর। একজন ছাত্রের বাঁ পায়ের গোড়ালী কেটে ফেলা হয়েছে।

আগামী ১৩ই ডিসেম্বর মনসুর আলী কলেজের ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগ (ম-ই) ও ছাত্রদল নির্বাচনী মিছিল বের করে। মিছিলে শ্লোগান–পাল্টা শ্লোগানের এক পর্যায়ে সংঘর্ষ বেধে যায়। উভয় পক্ষ রামদা, হকিস্টিক, লাঠি, রড ব্যবহার করে। ফলে ৬০ জন ছাত্র আহত হয়। গুরুতর আহত ছাত্রদলের রবিউল হাসান (২৫), আব্দুল কাদের (২০) ও আমিনুল ইসলামকে সিরাজগঞ্জ সদর হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতালে রবিউল হাসানের পা কেটে ফেলা হয়েছে। এ ঘটনার কথা ছড়িয়ে পড়ার সঙ্গে সঙ্গে বিএনপির নেতা ও কর্মীরা আওয়ামী

২ এর পাতায় দেখুন

## কাজীপুরে

প্রথম পৃষ্ঠার পর

লীগের নেতাদের বাসায় ব্যাপক হামলা ও লুটপাট শুরু করে। জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবদুল লতিফ মির্জা এ সংবাদদাতাকে জানান, তাঁর বাড়ীতে বিএনপির কর্মীরা হামলা চালিয়ে একটি ভিসিপি, একটি টেলিভিশন লুট করে এবং আসবাবপত্র ভাঙচুর করে। হামলাকারীরা তার স্ত্রী ও দু'জন আওয়ামী লীগ কর্মীকে বেদম মারপিট করেছে। আওয়ামী লীগের যুগ্ম–সম্পাদক আবু ইউসুফ সূর্যকে ছুরিকাঘাত ও তার বাড়ীর আসবাবপত্র ভাঙচুর করে। শহরে তুমুল উত্তেজনা বিরাজ করছে। পুলিশ টহল দিচ্ছে।